

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের তফশিল অনুসারে ০৭ জানুয়ারি ২০২৪ তারিখে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। ভোট গ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০৬ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো:

(১) ট্যাক্সি ক্যাব	(২) পিক আপ	(৩) মাইক্রোবাস	(৪) ট্রাক
--------------------	------------	----------------	-----------

- ০২। সেই সাথে ০৫ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ০৮ জানুয়ারি ২০২৪ তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।
- ০৩। উল্লিখিত নিষেধাজ্ঞা নিম্নবর্ণিত ক্ষেত্রে শিথিল করা হবে:
- (ক) সশস্ত্র বাহিনী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, ও অনুমতিপ্রাপ্ত পর্যবেক্ষক;
- (খ) জরুরি সেবা কাজে নিয়োজিত যানবাহন এবং ঔষধ, স্বাস্থ্য-চিকিৎসা ও অনুরূপ কাজে ব্যবহৃত দ্রব্যাদি ও সংবাদপত্র বহনকারী সকল ধরনের যানবাহন;
- (গ) আত্মীয়-স্বজনের জন্য বিমানবন্দরে যাওয়া, বিমান বন্দর হতে যাত্রী বা আত্মীয়-স্বজনসহ নিজ বাসস্থানে অথবা আত্মীয়-স্বজনের বাসায় ফিরে যাওয়ার জন্য ব্যবহৃত যানবাহন (টিকেট বা অনুরূপ প্রমাণ প্রদর্শন) এবং দূরপাল্লার যাত্রী বহনকারী অথবা দূরপাল্লার যাত্রী হিসেবে স্থানীয় পর্যায়ে যাতায়াতের জন্য যে কোন যানবাহন;
- (ঘ) প্রতিদ্বন্দ্বী প্রার্থীর জন্য ১টি, প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনী এজেন্ট (যথাযথ নিয়োগপত্র/পরিচয়পত্র থাকা সাপেক্ষে) এর জন্য ১টি গাড়ি (জিপ, কার, মাইক্রোবাস ইত্যাদি ছোট আকৃতির যানবাহন) রিটার্নিং অফিসারের অনুমোদন ও গাড়িতে স্টিকার প্রদর্শন সাপেক্ষে চলাচলের অনুমতি প্রদান;
- (ঙ) জরুরি কোন কাজে ব্যবহৃত মোটর সাইকেল রিটার্নিং অফিসারের অনুমোদন সাপেক্ষে চলাচলের অনুমতি প্রদান; এবং
- (চ) নির্বাচন কমিশনের অনুমোদন সাপেক্ষে নির্বাচনী কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী অথবা অন্য কোন ব্যক্তির জন্য অনুমতি প্রদান।
- ০৪। এমতাবস্থায়, বর্ণিত সময়ে উল্লিখিত নিষেধাজ্ঞা মেনে চলার জন্য জনসাধারণকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

৩০/১২/২০২৪

মুহম্মদ শাহীন ইমরান
জেলা প্রশাসক, কক্সবাজার

ও

রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

তারিখ: ১৫ গৌষ ১৪৩০ বঙ্গাব্দ
৩০ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

নম্বর: ০৫.২০.২২০০.১০১.০১.০০১.২০২০- ৩৮১

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শ্রেণণ করা হলো : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
০৪। পুলিশ সুপার, কক্সবাজার
০৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম
০৬। জেলা নির্বাচন কর্মকর্তা, কক্সবাজার
০৭। জেলা তথ্য অফিসার, কক্সবাজার, (গণ-বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)
০৮। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার (সকল), কক্সবাজার (গণ-বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)
০৯। উপজেলা নির্বাচন অফিসার (সকল), কক্সবাজার
১০। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, কক্সবাজার
১১। অফিস কপি।

৩০/১২/২০২৪

জেলা প্রশাসক, কক্সবাজার

ও

রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন